

মিউনিখের অন্যতম আকর্ষণ বিএমডব্লিউ জাদুঘর

- A Monitor Desk Report

Date: 28 January, 2024



বিশ্ব অটোমোবাইল দিবস (২৯ জানুয়ারি) সামনে রেখে প্রস্তুত জার্মানির বিএমডব্লিউ জাদুঘর। মিউনিখ শহরের অলিম্পিয়া পার্কে পাঁচ হাজার বর্গমিটার এলাকা নিয়ে এ স্থাপনার অবস্থান। এতে দীর্ঘ সময়ের ব্যবধানে নামি এ মোটর গাড়ি ব্র্যান্ডের বিভিন্ন পরিবর্তনকে ধরে রাখা হয়েছে।

১৯৭৩ সালে মিউজিয়ামটি খুলে দেয়া হয়। তারপর ২০০৮ সালে নির্মাণকাজের জন্য সাময়িকভাবে বন্ধ থাকে এটি। তখন থেকে প্রায় ৫০ লাখ দর্শকের গন্তব্য এ জাদুঘর।

২০২৩ সালের শীর্ষ গাড়ির ব্র্যান্ড ছিল বিএমডব্লিউ। বোঝাই যাচ্ছে, গ্রাহক সন্তুষ্টি, নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা বিবেচনায় অন্য সব ব্র্যান্ডকে ছাপিয়ে গেছে বিএমডব্লিউ। বর্তমান বিশ্বে লাখে গ্রাহক তৈরি করেছে শতবর্ষী এ ব্র্যান্ড।

বাইরিশে মোটোরান ভারকে এজিকে সংক্ষেপে বলা হয় বিএমডব্লিউ, যা এক শতাব্দী আগে জার্মানির বেভারিয়ায় স্থাপিত হয়। ১৯১৫ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর নানা রকম পরিবর্তনের মধ্য দিয়ে গেছে ব্র্যান্ডটি। সেগুলো তুলে ধরা হয়েছে প্রদর্শনী হিসেবে। জাদুঘরে প্রবেশের সঙ্গে সঙ্গেই দেখা যাবে বিএমডব্লিউ ৩/১৫ পিএসডিএ টু লিমোজিন।

প্রথমদিকে উড়োজাহাজের ইঞ্জিন উৎপাদনকারী হিসেবে দাঁড়ালেও ১৯২৮ সালে গাড়ি উৎপাদনের দিকে মনোযোগ দেয় বিএমডব্লিউ। প্রথমে গাড়ি তৈরির প্রতিষ্ঠান অধিগ্রহণ করার মধ্যে সীমাবদ্ধ থাকলেও ১৯২৯ সালে বিএমডব্লিউ ব্র্যান্ড নামে বাজারে আনে গাড়ি। আর সবাইকে তাক লাগিয়ে ১৯৩২ সালের মধ্যে প্রায় ১৫ হাজার ইউনিট গাড়ি বিক্রি করে। জাদুঘরে বিএমডব্লিউ মোটরসাইকেলের বিবর্তনও দেখা যাবে। মোটরসাইকেলের ইতিহাসে বিএমডব্লিউর উত্থানকে গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করা হয়। সব ধরনের গাড়ি ও মোটরসাইকেলের প্রদর্শনীর পাশাপাশি জাদুঘরে রয়েছে তথ্যকেন্দ্র। কাছাকাছিই রয়েছে বিএমডব্লিউ ওয়েল্ট, সেখানে কোনো রকম ফি ছাড়াই দর্শক বিএমডব্লিউ ব্যবহারের অভিজ্ঞতা উপভোগ করতে পারবেন।

